## (Overview of the Performance of the Department/Organization)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ ঃ**

টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের লক্ষ্যে উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নলছিটি, ঝালকাঠি হতে বিগত ৩ বছরে বেকারত্ব দুরীকরণ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ৩৬১ জন আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাকে মৌলিক, কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা প্রদানে ৩৭ জন অঙ্গীভূত আনসার ও ভিডিপি সদস্য এবং বিভিন্ন পর্যায়ের নির্বাচন, ধর্মীয় অনুষ্ঠানে ১৮১৭ জন আনসার ও ভিডিপি সদস্য মোতায়েন করা হয়েছে। আধুনিক ও যুগোপযোগী কর্মপরিবেশ সৃষ্টি, আবাসন সমস্যা নিরসনের জন্য নলছিটি উপজেলা আনসার ও ভিডিপি অফিস ভবনের মেরামত ও সংস্কার করা হয়েছে। মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে ৮৩ টি ফলজ ঔষধি বৃক্ষ রোপন করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে অত্র উপজেলার আনসার-ভিডিপি সদস্য-সদস্যাগণ সাহসিকতাপূর্ণ এবং প্রশংসনীয় কাজের জন্য ৪৩ তম জাতীয় সমাবেশে ১০ টি সমাবেশ পুরস্কার লাভ করার গৌরব অর্জন করেছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ ঃ**

ক) অত্র উপজেলার উপজেলা প্রশিক্ষক ও উপজেলা প্রশিক্ষিকা পদ দুইটি শুন্য।
খ) অত্র বাহিনীর জন্য সুনির্দিষ্ট কাজের ক্ষেত্র চিহ্নিত না থাকা।

**ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

ক) প্রতি বছর বিভিন্ন মৌলিক, কারিগরি, পেশাভিত্তিক ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ করে নলছিটি উপজেলা হতে অন্তত: ৪৭ জন আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাকে দক্ষ মানব সম্পদ রূপে গড়ে তোলা।
খ) আগামী ০৫ বছরে ৬০ জন সাধারণ আনসার সদস্যকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সরকারি-বেসরকারি সংস্থার নিরাপত্তা দানের জন্য সক্ষম করে তোলা।
গ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে একাডেমি, রেঞ্জ, জেলা ও অন্যান্য সরকারী প্রতিষ্ঠানে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা।

### ২০২৩-২০২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- ৪৭ জন আনসার ও ভিডিপি সদস্যকে কারিগরি, পেশাভিত্তিক ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করে দক্ষ মানব সম্পদ উন্নয়ন।
- সরকারি-বেসরকারি সংস্থার নিরাপত্তায় ৩৪ জন আনসার-ভিডিপি সদস্য মোতায়েন।
- রাষ্ট্রীয় ও ধর্মীয় অনুষ্ঠানাদির নিরাপত্তায় ১০০৪ জন আনসার-ভিডিপি সদস্য মোতায়েন।